

কার্যালয়
০৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ
উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের জুলাই /২০১৯ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ১১-০৭-২০১৯ খ্রি: রোজ : বৃহস্পতিবার সময় : সকল ১১.০০ ঘটিকা

সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগণের নাম :

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
০১	জনাব মো: নুরুল হক	চেয়ারম্যান	১-৯	স্বাক্ষরিত
০২	বেগম সন্ধ্যা রাণী দেব	সংরক্ষিতমহিলা	১.২.৩	স্বাক্ষরিত
০৩	বেগম স্বপ্না বেগম	সংরক্ষিত মহিলা	৪.৫.৬	স্বাক্ষরিত
০৪	বেগম মোছা: আছিয়া খাতুন	সংরক্ষিত মহিলা	৭.৮.৯	স্বাক্ষরিত
০৫	জনাব মো: তৈয়বুর রহমান	সাধারণ সদস্য	১নং	স্বাক্ষরিত
০৬	জনাব মামুন রশিদ সেলিম	সাধারণ সদস্য	৩নং	স্বাক্ষরিত
০৭	জনাব মো: শামছুন নূর	সাধারণ সদস্য	৪নং	স্বাক্ষরিত
০৮	জনাব মো: রইছ মিয়া	সাধারণ সদস্য	৫নং	স্বাক্ষরিত
০৯	জনাব মো: বাবুল মিয়া	সাধারণ সদস্য	৬নং	স্বাক্ষরিত
১০	জনাব মো: নুরুল ইসলাম	সাধারণ সদস্য	৭ নং	স্বাক্ষরিত
১১	জনাব মো: আব্দুস ছোবান	সাধারণ সদস্য	৮নং	স্বাক্ষরিত
১২	জনাব মো: আজিম উদ্দিন	সাধারণ সদস্য	৯নং	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। আইন-শৃংখলা পরিস্থিতি প্রসঙ্গে আলোচনা।
- ৩। সাম্প্রতিক বন্যা পরিস্থিতি নিয়ে আলোচনা।
- ৪। বন্যার্তদের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ প্রসঙ্গে আলোচনা।
- ৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষে 'আমার প্রস্তাব, আমার প্রত্যয়' প্রসঙ্গে আলোচনা।

ক্র: নং	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	অধ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।		
২	সভাপতি ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি সম্পর্কে অবহিত করার জন্য সকলকে আমন্ত্রণ জানান। ইউপি সদস্য জনাব মো: রইছ মিয়া বলেন- আমার ওয়ার্ডে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ইউ/পি সদস্য জনাব সমাচুনুর মিয়া বলেন, মাদক ও সস্তাসের বিরুদ্ধে সরকার জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। তিনি এ সংক্রান্ত বিষয়ে জনসচেতনতার জন্য একটি সভা করার জন্য আহ্বান জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এ বিষয়ে একটি সচেতনতামূলক কর্মসূচী পালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	একটি সচেতনতামূলক কর্মসূচী পালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউনিয়ন পরিষদ
৩	সভাপতি অতিবৃষ্টির কারণে সাম্প্রতিক বন্যা পরিস্থিতি নিয়ে আলোচনার আহ্বান জানান। ইউ/পি সদস্যগণ এই বিষয়ে আলোচনাকালে জানান যে, অত্র ইউনিয়নের প্রায় সবকটি ওয়ার্ড বন্যার পানিতে প্লাবিত হয়েছে। তবে ০৭, ০৮, ০৪, ০৩ নং ওয়ার্ডসমূহ বেশী প্লাবিত হয়েছে। রাস্তাঘাটের ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। পানিতে সবধরনের ফসল তলিয়ে গেছে ফলে ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ারও সম্ভাবনা রয়েছে বলে সভায় আলোচনা করা হয়।	ক্ষয়ক্ষতি নিরূপণ করে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউ/পি চেয়ারম্যান।
৪	সভাপতি সাম্প্রতিক বন্যা পরিস্থিতিতে সরকারীভাবে ২.০০০ মে:টন ত্রাণ সামগ্রী বন্যার্তদের মধ্যে বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে জানান। তিনি পরিস্থিতি মোকাবেলায় সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান এবং মোমবাতি, টর্চ লাইটসহ শুকনো খাবারের ব্যবস্থা করতে সকলকে অনুরোধ জানান। তিনি ত্রাণ সামগ্রী বিতরণে সকলের সহযোগীতা কামনা করেন এবং প্রকৃত উপকারভোগীগণ যাহাতে ত্রাণ সামগ্রী সহায়তা পান সেদিকে সজাগ থাকার অনুরোধ জানান।	ত্রাণ সামগ্রী বিতরণে প্রকৃত উপকারভোগী নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউ/পি সদস্য সকল
৫	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষে 'আমার প্রস্তাব, আমার প্রত্যয়' বিষয়ে সকলকেই একটি করে বিশেষ কাজ সম্পাদনের প্রত্যয় গ্রহণের জন্য সকলকে আহ্বান জানানো হয়।	একটি করে বিশেষ কাজ সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউ/পি সদস্য সকল

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

স্মারক নংঃ /১৯
অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

তারিখঃ ১৬/০৭/২০১৯ খ্রি:

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

